গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষ, মেরিন ফিসারিজ একাডেমি

এবং

সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৯ - জুন ৩০, ২০২০

সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ৩

প্রস্তাবনা ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ১৩

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ১৪

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ১৫

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance of the Department/Organization)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

মেরিন ফিশারিজ একাডেমি থেকে গত ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮ এবং ২০১৮-২০১৯ অর্থ বছরে ২৫২ জন ক্যাডেট গ্রাজুয়েশন লাভ করেছে। একাডেমি হতে পাশকৃত ক্যাডেটদের কিছু অংশ মেরিন ফিশারিজ সেক্টরে কর্মসংস্থানের মাধ্যমে গভীর সমুদ্রে মৎস্য শিকারী জাহাজ/ট্রলার অপারেশন করে সামুদ্রিক মৎস্য আহরণ, মৎস্য ও মৎস্যজাত সম্পদের সঠিক সংরক্ষণ, মান নিয়ন্ত্রণ ও রপ্তানি প্রক্রিয়াকরণ ইত্যাদি কর্মকান্ডের মাধ্যমে আপামর জনসাধারণের প্রাণিজ আমিষের চাহিদা পূরণ, প্রচুর বৈদেশিক মুদ্রা অর্জন ও আর্থ-সামাজিক উন্নয়নে ব্যাপক অবদান রাখছে। আবার, কিছু অংশ দেশে-বিদেশে নৌ বাণিজ্যিক জাহাজ এবং জাহাজ নির্মাণ ও মেরামত শিল্প ও সংশ্লিষ্ট অন্যান্য সেক্টরে নিয়োজিত হয়ে প্রচুর বৈদেশিক মুদ্রা অর্জনের মাধ্যমে দেশের অর্থনীতিকে সমৃদ্ধ করছে। ২০১৮ সালে এ একাডেমি দেশের অন্যতম মেরিটাইম প্রতিষ্ঠান হিসেবে নৌ পরিবহন মন্ত্রণালয়/নৌ পরিবহন অধিদপ্তর এর স্বীকৃতি লাভ করেছে এবং একাডেমির ক্যাডেটদের দেশে-বিদেশে নৌ বাণিজ্যিক জাহাজে চাকুরি লাভের ক্ষেত্রে নৌ পরিবহন অধিদপ্তর হতে প্রয়োজনীয় সীম্যান বুক/ কন্টিনিউয়াস ডিসচার্জ সার্টিফিকেট (CDC) প্রদানের বিষয়টি অনুমোদিত হয়েছে। এ ছাড়াও একাডেমিকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তির মাধ্যমে কোর্স কারিকুলাম ০৪ (চার) বছর মেয়াদী বিএসসি (অনার্স) পর্যায়ে উন্নীত করা রয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

একাডেমির অপ্রতুল জনবল কাঠামো ইহার কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে প্রধান অন্তরায়। একাডেমির ক্যাডেটদের দেশে-বিদেশে নৌ বাণিজ্যিক জাহাজে চাকুরি লাভের জন্য নৌ পরিবহন অধিদপ্তর হতে প্রয়োজনীয় সীম্যান বুক/কন্টিনিউয়াস ডিসচার্জ সার্টিফিকেট CDC) প্রদানের বিষয়ে উক্ত অধিদপ্তর কর্তৃক আরোপিত শর্ত পূরণ কল্পে মাস্টার মেরিনার এবং চিফ ইঞ্জিনিয়ার যোগ্যতা সনদধারী শিক্ষক নিয়োগের নিমিত্ত উচ্চতর গ্রেডে পদসৃষ্টিসহ জনবল কাঠামো সম্প্রসারণ করে শিক্ষক ও কর্মচারীর ঘাটতি পূরণ করা বর্তমানে একাডেমির জন্য বড় চ্যালেঞ্জ।

ভবিষ্যৎ পরিকল্পনা:

আধুনিক সিমুলেটর বেইজড শিক্ষা অবকাঠামো স্থাপনের মাধ্যমে আর্ন্তজাতিক মানের শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলা।

২০১৯-২০ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- বিএসসি ইন নটিক্যাল সায়েন্স, বিএসসি ইন মেরিন ইঞ্জিনিয়ারিং এবং বিএসসি ইন মেরিন ফিশারিজ এ তিনটি পেশাভিত্তিক শিক্ষা কোর্স পরিচালনা করা এবং ৯০জন ক্যাডেটের গ্রাজুয়েশন সমাপ্তকরণ।

প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

অধ্যক্ষ, মেরিন ফিসারিজ একাডেমি

এবং

সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়-এর মধ্যে ২০১৯ সালের জুলাই মাসের ০৪ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন ১

দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision)

মানবসম্পদ উন্নয়ন ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা।

১.২ অভিলক্ষ্য (Mission)

দেশের আপামর জনসাধারণের প্রাণিজ আমিষের চাহিদা পূরণ, আর্থ-সামাজিক উন্নয়ন, বৈদেশিক মুদ্রা অর্জনের মাধ্যমে অর্থনীতিকে সমৃদ্ধ করা।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

১.৩.১ দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. সামুদ্রিক মৎস্য আহরণ, সংরক্ষণ, মান নিয়ন্ত্রণ, নৌ বাণিজ্যিক ইত্যাদি সেক্টরে কর্মসংস্থানের জন্য প্রফেশনাল শিক্ষা কোর্স পরিচালনা করা।

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি

২. দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ

৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন

১.৪ কার্যাবলি (Functions)

১. প্রতি শিক্ষাবর্ষে ব্যাচ ভিত্তিতে শিক্ষার্থী ক্যাডেট ভর্তি করা ও একাডেমিক ক্যালেন্ডার অনুযায়ী নির্ধারিত শিক্ষা কার্যক্রম যেমন: নিয়মিত তত্ত্বীয় ও ব্যবহারিক ক্লাশ পরিচালনা, সমুদ্র প্রশিক্ষণ প্রিপারেটরী/চূড়ান্ত পরীক্ষা গ্রহণ করা, ফলাফল প্রকাশ করা ইত্যাদি।

সেকশন ২

দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

চূড়ান্ত ফলাফল/প্রভাব	চূড়ান্ত ফলাফল সূচক	একক	প্রকৃত অর্জন ২০১৭-১৮	প্রকৃত অর্জন* ২০১৮-১৯	লক্ষ্যমাত্রা ২০১৯-২০	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম	উপাত্তসূত্র
						২০২০-২১	২০২১-২০২২		
মানবসম্পদ উন্নয়ন, কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি, আর্থ-সামাজিক উন্নয়ন, প্রাণিজ আমিষের চাহিদা পূরণ, বৈদেশিক মুদ্রা অর্জন ইত্যাদি।	বিএসসি ডিগ্রী	সংখ্যা	৮৪	৭০	৯০	৯০	৯০	মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়/জাতীয় বিশ্ববিদ্যালয়/বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি/মৎস্য অধিদপ্তর/নৌ পরিবহন অধিদপ্তর	জাতীয় বিশ্ববিদ্যালয়/বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি ফলাফল বিজ্ঞপ্তি ও নৌ পরিবহন অধিদপ্তরের সিডিসি তালিকা

*সাময়িক (provisional) তথ্য

সেকশন ৩
কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ